# ঢাকা ও বরিশাল বোর্ড-২০১৯

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সুমিতাদের বাড়িতে প্রতিবছর হেমন্ত ঋতুতে একটি ধর্মাচারের আয়োজন করা হয়। উক্ত আয়োজনটি মূলত তার ভাই হৃদয়কে কেন্দ্র করে। এ উপলক্ষে হৃদয়কে বিভিন্ন ধরনের খাবার খাওয়ানো হয়। অন্যদিকে শরনদের গ্রামে প্রতিবছর বসন্ত ঋতুতে একটি ধর্মানুষ্ঠানের আয়োজন করা হয়। যদিও অনুষ্ঠানটি মূলত বৈষ্ণবদের কিন্তু তাতে সকল ধর্মের লোকই আবির খেলায় অংশগ্রহণ করে। অনুষ্ঠানটি উপলক্ষে তিনদিনব্যাপী মেলারও আয়োজন হয়। মেলায় অনেক লোকের সমাগম ঘটে।

ক. সংক্রান্তি কাকে বলে? ১

খ. "বার মাসে তের পার্বন"— বুঝিয়ে লেখ? ২

গ. সুমিতাদের বাড়িতে প্রতিবছর কোন ধর্মাচারের আয়োজন করা হয়? বর্ণনা কর। ৩

ঘ. সামাজিক ও পারিবারিক জীবনে শরনদের গ্রামে অনুষ্ঠিত ধর্মানুষ্ঠানটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

**২.▶** আবির কোন দেব-দেবীর পূজা করে না। তবে ঈশ্বরের প্রতি রয়েছে তার অগাধ ভক্তি। তিনি চিন্তা করেন দেব-দেবীরা যেহেতু ঈশ্বরেরই এক একটি শক্তির প্রকাশ তাই দেব-দেবীর পূজা না করে শুধুমাত্র ঈশ্বরের পূজা করাই উত্তম। কিন্তু সলিল মা কালীর আরাধনা করে। মা কালীই তার ধ্যান জ্ঞান। মা কালীকে ঘিরেই তার পরকালের চিন্তা-চেতনা।

ক. অপরিগ্রহ কাকে বলে? ১

খ. হিন্দুধর্মকে একাধারে প্রাচীন এবং নবীন বলা হয়েছে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. আবিরের মধ্যে কোন সমাজ সংস্কারকের আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি' ধারণার আলোকে আবির ও সলিল উভয়ের ধারণাই সঠিক— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ প্রদীপ বাবু তার বাড়িতে বিভিন্ন দেব-দেবীর পূজা অর্চনা করেন। এর মাধ্যমে তিনি তার মনের আকাঙ্ক্ষা পূরণের জন্য আপ্রাণ চেষ্টা করেন। কিন্তু তার প্রতিবেশী সুভাষ বাবু কোনো পূজা অর্চনা করেন না। তিনি মন্দিরে দেব-দেবীর দর্শনেও যান না। তিনি প্রত্যহ উষাকালে ও সন্ধ্যায় নীরবে বসে একমনে নিষ্কামভাবে সৃষ্টিকর্তাকে স্মরণ করেন।

ক. জীবাত্মা কাকে বলে? ১

খ. শ্রীকৃষ্ণকে ভগবান বলা হয় কেন? ২

গ. প্রদীপ বাবু ঈশ্বরের কোন রূপের উপাসনা করেন? পাঠ্যের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. সুভাষ বাবুর অনুসরণকৃত পদ্ধতির মাধ্যমে কি মোক্ষপ্রাপ্তি সম্ভব? উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৪.▶ সুমিত চক্রবর্তী পিতার মৃত্যুর পর দশদিন যাবৎ এক বিশেষ ধরনের অন্ন ও ফলফলাদি খেয়ে জীবনধারণ করেছে। এসময় সে কঠোর সংযম পালন করেছে। কিন্তু তারই বন্ধু অবিনাশ সাহা মাতার মৃত্যুর পর পনের দিন যাবৎ বিশেষ ধরনের অন্ন ও ফলফলাদি খেয়ে জীবনধারণ করেছে। অবশ্য সেও এই দিনগুলোতে কটোর সংযম সাধন করেছে। একদিন বিষয়টি জানতে পেরে অবিনাশের শিক্ষক অমল বাবু বলেন, 'সুমিতের মতো তুমিও এই কাজটি দশ দিনেই করতে পারতে।' এরপর তিনি বিষয়টি তাকে বুঝিয়ে বলেন।

ক. আদ্যশ্রাদ্ধ কাকে বলে? ১

খ. শাস্ত্রে মৃতদেহের সংকারের বিধান দেওয়া হয়েছে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. সুমিত ও অবিনাশ কোন ধরনের অশৌচ পালন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যের আলোকে শিক্ষক অমল বাবুর উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫.▶ উদ্দীপকগুলোর আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

উদ্দীপক-১:




উদ্দীপক-২: বিবেকদের বাড়িতে বর্ষাকালে যে শক্তির পূজা করা হয় তাতে উপকরণ হিসেবে ঠান্ডাজাতীয় ফল ও মিষ্টির ব্যবস্থা করা হয়। এছাড়া এই শক্তি অনেক সময় এক প্রকার রোগ-প্রতিরোধকারী ভেষজ উদ্ভিদের পাতাও বহন করেন।

https://teachingbd24.com

ক. যজমান কাকে বলে? ১
খ. পূজা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক-১ এ কোন শ্রেণির দেবতার উল্লেখ করা হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ উল্লিখিত শক্তির পূজার মূল উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

৬.▶ দৃশ্যকল্পগুলোর আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. শ্বাস-প্রশ্বাসের স্বাভাবিক গতিকে নিয়ন্ত্রণে এবং নিজ আয়ত্তে আনাকে কী বলে? ১
খ. 'তপ' বলতে কী বোঝায়? ২
গ. দৃশ্যকল্প-১ এ উল্লিখিত আসনটির অনুশীলন পদ্ধতি বর্ণনা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লিখিত আসনটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭.▶ সৌমিত্র কখনও অসৎ কাজ করে না। তবে কেউ যদি তার উপর রাগ করে কখনও কোনো কথা বলে না বরং সে তার সাথে বিপরীত আচরণ করে। এজন্য সবাই তাকে খুব পছন্দ করে। একদিন সৌমিত্রের বাবা বিমল বাবু, বড় ধরনের এক বিপদের সম্মুখীন হন। এ অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য তিনি এক সাধুর পরামর্শ নেন। বিপদমুক্ত হওয়ার পর তিনি সাধুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ক. কোন গ্রন্থের অপর নাম রহস্য। ১
খ. বিশ্বের প্রাচীন ইতিহাস জানার জন্য সবচেয়ে নির্ভরযোগ্য গ্রন্থ সম্পর্কে বুঝিয়ে লেখ। ২
গ. সৌমিত্রের মধ্যে ধর্মের কোন লক্ষণ কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সৌমিত্র ও তার বাবার মধ্যে কী ধর্মের একই লক্ষণ কাজ করেছে? উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৮.▶ উদ্দীপক-১:

চয়নবাবু ১৯৭১ সালে পাকিস্তানীদের বিরুদ্ধে অস্ত্রধারণ করে দেশকে শত্রুমুক্ত করেন। এজন্য তিনি নিজেকে সৌভাগ্যবান মনে করেন।

উদ্দীপক-২:

একদিন সঞ্চিতাদেবী একাদশী পালন করছেন। এমন সময় সেখানে একজন ভিক্ষুক এসে খাবার চাইল। তার কাছে কোন খাবার না থাকায় তিনি খুব রেগে যান এবং ভিক্ষুককে তাড়িয়ে দেন।

ক. বীরের ধর্ম কী? ১

Teachingbd24.com

খ. মানুষের মহত্ত্ব সম্পর্কে বুঝিয়ে লেখ। ২
গ. চয়ন বাবুর মধ্যে কার নৈতিক আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সঞ্চিতাদেবীকে কি প্রকৃতপক্ষে একজন মানুষ বলা যায়? পাঠ্যের আলোকে যুক্তি প্রদর্শন কর। ৪

৯.▶ নমিতা দশম শ্রেণির ছাত্রী। আচার-ব্যবহারে সে অমায়িক। গুরুজনদের সাথে দেখা হলে সে মাথানত করে অভিবাদন জানায়। এজন্য গুরুজনরা তার প্রতি সবসময়ই সদয় থাকে। কিন্তু তার বাবার প্রতি সে মাঝে মাঝেই খুব রেগে যায়। কারণ তার বাবা একজন ধূমপায়ী। নমিতা ও তার মা অনেক বোঝানোর পরও তিনি এই অবস্থান থেকে বেরিয়ে আসতে পারছেন না, তবে চেষ্টা করছেন। বর্তমানে তিনি কাজটির জন্য খুবই অনুতপ্ত।

ক. স্মৃতিশাস্ত্র কাকে বলে? ১
খ. আমাদের ধর্ম পালন করার কারণ বুঝিয়ে লেখ। ২
গ. নমিতা গুরুজনদের প্রতি কোন ধরনের প্রণাম করে থাকে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পারিবারিক ও সামাজিক জীবনে নমিতার বাবার কাজটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১০.▶ নিখিল বাবু প্রতিদিন বিকেলে এক ঘণ্টা করে হাঁটেন। তার ছেলে-মেয়ে দুইটি যেন প্রতিদিন বিকেলে খেলাধুলা করতে পারে সে ব্যাপারে খুব সচেতন থাকেন। এজন্য তিনি খেলার যাবতীয় উপকরণ কিনে দেন। অন্যদিকে তার স্ত্রী লিপি দেবী সংসারের কাজের পাশাপাশি বাড়ির চারপাশ সবসময় পরিষ্কার রাখেন। বাড়ির চারপাশে এবং উঠানের চারদিকে নানা রকমের ফুল গাছের চারা রোপণ করেন। বাড়িটি দেখলে মনে হয় একটি স্বর্গপুরী।

ক. শ্রীমার প্রকৃত নাম কী? ১
খ. শ্রীমার পড়াশোনা বেশিদূর এগোয়নি কেন? বুঝিয়ে লেখ? ২
গ. নিখিল বাবুর মধ্যে শ্রীমার কোন গুণটি লক্ষ করা যায়? বর্ণনা কর। ৩
ঘ. লিপি দেবীর কাজটি শ্রীমার কাজের আলোকে মূল্যায়ন কর। ৪

১১.▶ সুকান্ত বাবু একজন ধার্মিক ব্যক্তি। তিনি একজন অবতারের আরাধনা করেন যিনি দ্বাপরযুগে আবির্ভূত হয়ে দুষ্টের দমন ও শিষ্টের পালন করেছেন। নিজের অত্যাচারী মামাকেও তিনি হত্যা করেছেন, একশত রাজাকে নিশ্চিত মৃত্যুর হাত থেকে রক্ষা করেছেন। অন্যদিকে সুকান্ত বাবুর ছেলে ডাঃ রবিন দেশের একজন নামকরা সার্জন। অপারেশন টেবিলে তার হাতে কখনই কোনো রোগীর মৃত্যু ঘটেনি। এজন্য সবাই তাকে ভগবান ডাক্তার বলে ডাকে।

ক. চরক শরীরের কার্যকারিতার জন্য কয়টি উপাদানের কথা বলেছেন? ১
খ. অবতার বলতে কী বোঝায়? ২
গ. সুকান্ত বাবু কোন ধরনের অবতারের আরাধনা করেন? বর্ণনা কর। ৩
ঘ. ডাঃ রবিনের মধ্যে প্রাচীন ভারতের কোন চিকিৎসকের আদর্শ লক্ষ করা যায় কি? উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : ১ ১ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'তমঃ' গুণ দ্বারা প্রভাবিত কোন বর্ণের লোক?
ⓚ ব্রাহ্মণ ⓚh ক্ষত্রিয়
ⓖ বৈশ্য ⓖh শূদ্র

২. ব্রাহ্মণ বর্ণের কোনো ব্যক্তি সোমবারে মৃত্যুবরণ করলে কোন দিন তার আদ্যশ্রাদ্ধ অনুষ্ঠান হবে?
ⓚ বুধবার ⓚh বৃহস্পতিবার
ⓖ সোমবার ⓖh মঙ্গলবার

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

বিধানদের গ্রামের একটি পূজার দিন সায়াহ্নে প্রত্যেক বাড়িতে প্রদীপ জ্বালিয়ে চারদিক আলোকিত করা হয়। কিন্তু বিকাশদের গ্রামের পূজায় ভিন্ন চিত্র লক্ষ্য করা যায়। পূজার একটি নির্দিষ্ট দিনে একটি কলাগাছের সাথে অন্য আটটি গাছের চারা বেঁধে দেওয়া হয়।

৩. বিধানদের গ্রামে কোন পূজার আয়োজন করা হয়?
ⓚ লক্ষ্মী ⓚh সরস্বতী
ⓖ কালী ⓖh দুর্গা

৪. বিকাশদের গ্রামে অনুষ্ঠিত পূজার মাধ্যমে—
i. ঈশ্বরের পূজা করা হয়
ii. বৃক্ষসচেতন হওয়া যায়
iii. পরিবেশ সংরক্ষণে উদ্বুদ্ধ হওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

৫. রামায়ণ বাংলায় অনুবাদ করেন—
ⓚ কৃত্তিবাস ⓚh বাল্মিকী
ⓖ বেদব্যাস ⓖh আরুণি

৬. শ্বেত কেতু কত বছর বয়সে গুরুগৃহ থেকে বাড়ি ফিরে আসে?
ⓚ বার ⓚh পঁচিশ
ⓖ আটাশ ⓖh পঁয়ত্রিশ

৭. নিচের কোনটিকে 'সংহিতোপনিষদ' বলা হয়?
ⓚ শ্বেতাশ্বতর উপনিষদ
ⓚh তৈত্তিরীয় উপনিষদ
ⓖ ঈশোপনিষদ ⓖh ব্রহ্মোপনিষদ

৮. রাজা রন্তিবর্মা ছিলেন একজন—
ⓚ শৈব ⓚh শাক্ত
ⓖ জৈন ⓖh বৈষ্ণব

৯. ধ্বংসের দেবতা বলা হয় কাকে?
ⓚ ব্রহ্মা ⓚh বিষ্ণু
ⓖ শিব ⓖh ইন্দ্র

১০. ভগবান বিষ্ণু কোনরূপে বেদ উদ্ধার করেন?
ⓚ বামন ⓚh নৃসিংহ
ⓖ পরশুরাম ⓖh মৎস্য

১১. ঈশ্বরের সহস্র মস্তক ও চক্ষুর কথা বলা হয়েছে—
ⓚ বেদে ⓚh পুরাণে
ⓖ গীতায় ⓖh উপনিষদে

১২. ঐশি বাড়িতে একটি টিয়াপাখি পোষে। ঐশির কাজটি কোন যজ্ঞের অন্তর্ভুক্ত?
ⓚ দৈবযজ্ঞ ⓚh ভূতযজ্ঞ
ⓖ ঋষিযজ্ঞ ⓖh পিতৃযজ্ঞ

১৩. হল কর্ষণ করে পৃথিবীকে অমৃতময় করেন—
ⓚ শ্রীরামচন্দ্র ⓚh পরশুরাম
ⓖ বলরাম ⓖh বুদ্ধ

১৪. হিরণ্যকশিপুকে হত্যা করেছিলেন একজন—
ⓚ অবতার ⓚh দেবতা
ⓖ মানুষ ⓖh রাক্ষস

১৫. ভারতের জীবনীশক্তির উৎস কী?
ⓚ জ্ঞান ⓚh বিজ্ঞান
ⓖ ধর্ম ⓖh নৈতিকতা

১৬. মৃনালবাবু ধর্মের বিশেষ লক্ষণের দ্বিতীয় লক্ষণটির সাহায্যে একটি সমস্যার সমাধান করেন। মৃনালবাবু ধর্মের কোন লক্ষণটি অনুসরণ করেছিলেন?
ⓚ বিবেকের বাণী ⓚh স্মৃতি
ⓖ বেদ ⓖh সদাচার

১৭. প্রভু নিত্যানন্দ ছিলেন একজন—
i. সংসারী
ii. প্রেমভক্তির অনুসারী
iii. শাক্ত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚh i ও ii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

Teachingbd24.com

১৮. বিজয়কৃষ্ণের মায়ের নাম—

ⓚ স্বর্ণময়ী দেবী ⓚⓗ চন্দ্রমনি দেবী
ⓖ পদ্মাবতী দেবী ⓖⓗ বিশিষ্টা দেবী

১৯. নিচের কোনটি ধর্মের বিশেষ লক্ষণ?

(ক) স্মৃতি (খ) শুচিতা
(গ) সংযম (ঘ) সত্য

২০. রাবণ কোন যুগে জন্মগ্রহণ করেছিলেন?

(ক) সত্য (খ) ত্রেতা
(গ) দ্বাপর (ঘ) কলি

নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

বিপুল কোন খাবারই হজম করতে পারে না। যে কারণে তার ক্ষুধাও পায় না। এ থেকে পরিত্রাণের আশায় সে নিয়মিত একটি যোগাসন অনুশীলন করে। অন্যদিকে তার বোন খাটো হওয়ার কারণে সেও একটি আসন নিয়মিত অনুশীলন করে।

২১. বিপুলের বোন কোন আসন অনুশীলন করে?

(ক) বৃক্ষাসন (খ) অর্ধকূর্মাসন
(গ) গরুড়াসন (ঘ) হলাসন

২২. বিপুলের অনুশীলনকৃত আসনের মাধ্যমে—

i. মেরুদন্ড সতেজ হয়
ii. মানসিক স্থিরতা আসে
iii. হাত ও পায়ের গঠন সুন্দর হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. কোন মহাপুরুষ বত্রিশ বছর বয়সে ইহলীলা সংবরণ করেন?

(ক) শ্রীরামকৃষ্ণ (খ) স্বামী বিবেকানন্দ
(গ) ঠাকুর অনুকূলচন্দ্র (ঘ) শ্রী শঙ্করাচার্য

২৪. লোকনাথ ব্রহ্মচারী কোন বিভাগে আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন?

(ক) ঢাকা (খ) চট্টগ্রাম
(গ) রাজশাহী (ঘ) সিলেট

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

মিশু প্রতিদিন সকালে তাদের ফুল বাগানের গাছগুলোতে জল দেয়। সে কারণে গাছগুলো সতেজ থাকে। অথচ তার মা প্রতিদিন ঘুম থেকে উঠে সর্বপ্রথম সূর্য দেবকে প্রণাম করেন।

২৫. মিশুর মা কোন গ্রন্থের নির্দেশনা মেনে চলেন?

(ক) গীতা (খ) উপনিষদ
(গ) রামায়ণ (ঘ) বেদ

২৬. মিশুর কাজের মাধ্যমে প্রকাশ পায়—

i. ঈশ্বরের সেবা করা
ii. জীবের সেবা করা
iii. জীবের সর্বাঙ্গিন মঙ্গল করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. দশবিধ সংস্কারের মধ্যে কোনটি শ্রেষ্ঠ?

(ক) নামকরণ (খ) অন্নপ্রাশন
(গ) বিবাহ (ঘ) সমাবর্তন

২৮. গৃহ প্রবেশের সময় কোন দেবতার পূজা অবশ্য করণীয়?

(ক) ব্রহ্মার (খ) নারায়ণের
(গ) শিবের (ঘ) ইন্দ্রের

২৯. পণ প্রথা নির্মূলে প্রয়োজন—

i. নারী শিক্ষা
ii. গণসচেতনতা
iii. সুশাসন

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. শেফালি দেবী এ বছর তার মেয়ের হাতে-খড়ি দেওয়ার জন্য ঈশ্বরের এক শক্তির পূজা করবেন।

শেফালি দেবী কোন শক্তির পূজা করবেন?

(ক) সরস্বতী পূজা (খ) লক্ষ্মী পূজা
(গ) শীতলা পূজা (ঘ) দুর্গা পূজা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com